

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/১এল-১/০৫/১৬৪৪

তারিখঃ ০৭ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ  
২২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য বিভাগীয় ব্যবস্থা গ্রহণ

সূত্র: জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের স্মারক নং-এনআইও/প্রশাসন/২০১৯/২৮১৮, তারিখ: ১৭/০৯/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরধীন জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) জনাব অশোক প্রসাদ তেওয়ারীর অনুকূলে আমেরিকার ডারটন কলেজে Histologic Technology কোর্সে Associate of Applied Science Degree-তে অধ্যয়নের জন্য ০১/০৮/২০১৩ তারিখ হতে ০২ বছর শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়(কপি সংযুক্ত)। সে অনুযায়ী তার ছুটি ৩১/০৭/২০১৫ তারিখে শেষ হয় এবং তিনি ০১/০৮/২০১৫ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির জন্য সরকারি কাজে চরম বিঘ্ন ঘটছে মর্মে তার কর্মস্থল হতে সূত্রোক্ত স্মারকে এ বিভাগকে অবহিত করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) জনাব অশোক প্রসাদ তেওয়ারীর বিরুদ্ধে ০১/০৮/২০১৫ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্তি: বর্ণনামতে।



(শাহিনা খাতুন)  
যুগ্মসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
admin1@hsd.gov.bd

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা  
[দৃঃআঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপি :

- ১। পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।